দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 MAY 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

# ছাত্রলীগের সম্মেলন ২৫-২৬ জুলাই

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে অনুষ্ঠিত হতে যাচ্ছে ছাত্রলীগের কেন্দ্রীয় সম্মেলন। বর্তমান কমিটির মেয়াদ শেষ হওয়ার দুই বছর পর আগামী ২৫-২৬ জুলাই ২৮তম সম্মেলন আয়োজন করা হচ্ছে। গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ সম্মেলনের এই তারিখ ঘোষণা করেন। ২০১১ সালের জুলাইয়ে সংগঠনটির সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয়। ঐ সময় দুই বছর মেয়াদে গঠিত কমিটি আগামী জুলাইয়ে চার বছর পার করবে।

এদিকে কেন্দ্রীয় সম্মেলনের আগে সংগঠনের এক নম্বর শাখা ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বেশ কয়েকটি শাখার সম্মেলন অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ১১ জুন, ঢাকা মহানগর উত্তর ২৮ মে এবং ঢাকা মহানগর দক্ষিণ শাখার সম্মেলন ৩০ মে অনুষ্ঠিত হবে। এছাড়া ২৫ মে মুন্সীগঞ্জ, ১ জুন খাগড়াছড়ি, ২ জুন রাঙ্গামাটি, ৩ জুন বান্দরবন, ৪ জুন চট্টগ্রাম উত্তর জেলা, ৬ জুন খুলনা জেলা, ৭ জুন খুলনা মহানগর, ৮ জুন মাগুরা, ১৩ জুন নোয়াখালী, ১৫ জুন পঞ্চগড়, ১৬ জুন গাইবান্ধা, ১৭ জুন লালমনিরহাট, ২০ জুন মৌলভীবাজার, ২১ জুন সুনামগঞ্জ, ২৫ জুন চাঁদপুর, ৪ জুলাই সিলেট মহানগর শাখার সম্মেলন অনুষ্ঠিত হবে।

ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল বলেন, সংগঠনের কেন্দ্রীয় সম্মেলন উপলক্ষে নির্বাচন পরিচালনা কমিটি, সম্মেলন প্রস্তুতি কমিটি, সাজসজ্জা কমিটি, উপ-কমিটিসমূহ, সাব কমিটি সমূহ পরবর্তীতে ঘোষণা করা হবে। আগামী ১০ জুলাইয়ের মধ্যে সকল জেলা শাখাকে কাউন্সিল তালিকা কেন্দ্রীয় দফতরে জমা দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। একই সঙ্গে যে সকল জেলা শাখা এখনো পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা অনুমোদন করেননি তাদেরকে আগামী এক সপ্তাহের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করিয়ে নেয়ার নির্দেশ দেয়া হয়।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক ওমর শরীফ।

এদিকে সাংবাদিক সম্মেলনে বুয়েটের এক শিক্ষকের অপসারণ এবং বুয়েট শাখা ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদকের আজীবন বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে আগামী ১১ মে বুয়েট শহীদ মিনারে সংহতি সমাবেশ পালন করারও ঘোষণা দেয়া হয়।